ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৭৫
কৈলাসহর,২৩ অক্টোবর,২০২৪

**উনকোটি জেলাভিত্তিক যুব উৎসব**
**কৈলাসহরে প্রস্তুতি সভা**

উনকোটি জেলাভিত্তিক যুব উৎসব উদযাপন উপলক্ষে আজ কৈলাসহরে জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে, আগামী ৪ নভেম্বর কৈলাসহর মহকুমার উনকোটি কলাক্ষেত্রে উনকোটি জেলাভিত্তিক যুব উৎসবের আয়োজন করা হবে। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৈলাসহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, চন্ডিপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা অমিত যাদব ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। প্রস্তুতি সভায় জেলাভিত্তিক যুব উৎসবকে সফল করে তোলার জন্য ১টি পরিচালন কমিটি ও ৭টি উপকমিটি গঠন করা হয়েছে।

*****